দৈনিক ইত্তেফাক

তারিখ 20 NOV 1992

পৃষ্ঠা ৩ কলাম ৪

138

## প্রেসনোট

গতকাল (বৃহস্পতিবার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়: গত ১৬ নভেম্বর, সোমবার দুপুরে ঢাকা নিউ মার্কেটে অবস্থিত কয়েকটি দোকানের সামনে

(২য় পৃ: ৫-এর ক: দ্র:)

## প্রেসনোট

( ১ম পৃ: পর )

ঢাকা কলেজের কথিত কয়েকজন ছাত্র একজন মহিলা ক্রেতাকে উত্ত্যক্ত করিলে দোকানদার ও ছাত্র যুবকদের মধ্যে কথা কাটাকাটি হয়। উক্ত ঘটনাকে কেন্দ্র করিয়া গতকাল বৃহস্পতিবার ঢাকা কলেজের কথিত ৪০/৪৫ জনের একদল ছাত্র নিউ মার্কেটের ভিতরে কয়েকটি দোকানে হামলা চালাইয়া ভাংচুর করে এবং কয়েকজন দোকানদারকে মারধর করে। এই ঘটনার প্রতিবাদে ঢাকা নিউ মার্কেট ও সংলগ্ন এলাকার দোকানদাররা জমায়েত হয় এবং মিছিলসহ ঢাকা কলেজের দিকে অগ্রসর হয়। এ সময় ঢাকা কলেজের ছাত্রদের সাথে দোকানদারদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল ছোঁড়াছুঁড়ি হয়। পুলিশ বিবদমান দুই দলকে ছত্রভংগ করার জন্য লাঠিচার্জ এবং কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এ সময় এক পর্যায়ে ঢাকা কলেজের ভিতর হইতে গুলী বর্ষিত হয়। এ ঘটনায় আনোয়ার হোসেন (৩০) নামে একব্যক্তি গুলীবিদ্ধ হয়। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হইলে কর্তব্যরত ডাক্তার তাঁহাকে মৃত ঘোষণা করেন। ইহাছাড়া এই ঘটনায় গুলীবিদ্ধ হইয়া অন্য দুইজন আহত হয়। তাহাদের চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। ঘটনায় তিনজন পুলিশ কনষ্টেবলসহ মোট ১১জন আহত হইয়াছে। এলাকায় পুলিশ প্রহরা রহিয়াছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে। এ সম্পর্কে ধানমণ্ডি থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে এবং ঘটনার সহিত জড়িত থাকার অভিযোগে পুলিশ একজনকে গ্রেফতার করিয়াছে।